# চট্টগ্রাম সিটি কর্পোরেশন
## জনসংযোগ শাখা
## প্রেস বিজ্ঞপ্তি

৩০ সেপ্টেম্বর ২০১৭খ্রি.

**“বিশ্ব রোল মডেল দেশরত্ন,জননেত্রী শেখ হাসিনা” বই এর মোড়ক উন্মোচন করলেন মেয়র আ জ ম নাছির উদ্দীন ও চবি এর প্রাক্তণ উপাচার্য প্রফেসর ড. আনোয়ারুল আজিম আরিফ**

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন বলেছেন, জননেত্রী শেখ হাসিনা বাংলার জনগোষ্ঠীর জন্য কল্যাণকর মহৎকর্ম করে যাচ্ছেন। তাঁর কর্মই তাঁকে অমরত্ব দান করবে। মেয়র বলেন, শেখ হাসিনা ব্যতিক্রমী মানুষ। তার শাসনকালে রাষ্ট্রের সীমানাকে অতিক্রম করে বিশ্বের এক অনন্য উচ্চতায় আসীন হয়েছেন। জননেত্রী শেখ হাসিনার দেশপ্রেম, মানবপ্রেম, উন্নয়ন, কর্ম, কল্যাণ সাধন এবং পরাক্রমশালী বিশ্ব মোড়লদের কাছে মাথানত না করে সত্য ও ন্যায়ের পথে দৃঢ়চেতা পথ চলে সমকালীন বিশ্বে এক ভিন্ন মর্যাদায় অভিষিক্ত হয়েছেন। জনাব আ জ ম নাছির উদ্দীন মো. আবদুর রহিম সম্পাদিত “বিশ্ব রোল মডেল দেশরত্ন জননেত্রী শেখ হাসিনা” বইটিকে ইতিহাসের জন্য একটি উদাহরন বলে আখ্যায়িত করেন। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এবং তাঁর সুযোগ্য কন্যা বাংলাদেশের প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনার ৭১ তম জন্মদিন উপলক্ষে বঙ্গবন্ধু ও জাতীয় চারনেতা স্মৃতি পরিষদের সাধারন সম্পাদক মো. আবদুর রহিম সম্পাদিত “বিশ্ব রোল মডেল দেশরত্ন জননেত্রী শেখ হাসিনা” নামক বইয়ের মোড়ক উন্মোচন অনুষ্ঠানে মেয়র এসব কথা বলেন। ২৮ সেপ্টেম্বর ২০১৭ খ্রি. দুপুরে মেয়র বাসভবনে অনুষ্ঠিত বইয়ের মোড়ক উন্মোচন অনুষ্ঠানে সভাপতিত্ব করেন সংগঠনের সভাপতি প্রফেসর ড.জিনবোধি ভিক্ষু। অনুষ্ঠানে প্রধান অতিথ ছিলেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন। এতে বিশেষ অতিথি ছিলেন চবি এর প্রাক্তণ উপাচার্য প্রফেসর ড. আনোয়ারুল আজিম আরিফ, প্যানেল মেয়র চৌধুরী হাসান মাহমুদ হাসনী,দৈনিক বীর চট্টগ্রাম মঞ্চের সম্পাদক সৈয়দ উমর

ফারুক, চট্টগ্রাম সাংবাদিক ইউনিয়নের সভাপতি রিয়াজ হায়দার চৌধুরী, চট্টগ্রাম প্রেসক্লাবের যুগ্ম সাধারন সম্পাদক চৌধুরী ফরিদ, কাউন্সিলর গোলাম মোহাম্মদ চৌধুরী, চট্টগ্রাম মহানগর আওয়ামী স্বেচ্ছাসেবকলীগের যুগ্ম আহবায়ক সালাহ উদ্দিন আহমেদ,আওয়ামীযুবলীগ নেতা ফারুক আহমেদ, আবদুল মান্নান ফেরদৌস, ২৪ নং ওয়ার্ড কাউন্সিলর নাজমুল হক ডিউক, ৩৩ নং ওয়ার্ড কাউন্সিলরহাসান মুরাদ বিপ্লব, ১৫ নং ওয়ার্ড কাউন্সিলর গিয়াস উদ্দিন, ২২ নং ওয়ার্ড কাউন্সিলর মো. সলিম উল্লাহ বাচ্চু, ৪১ নং ওয়ার্ড কাউন্সিলর ছালেহ আহমদ চৌধুরী, ২১ নং ওয়ার্ড কাউন্সিলর শৈবাল দাশ সুমন, বঙ্গবন্ধু ও জাতীয় চারনেতা স্মৃতি পরিষদের সাধারন সম্পাদক মো. আবদুর রহিম,আইইবি'র সাবেক চেয়ারম্যান ইঞ্জিনিয়ার দেলোয়ার হোসেন মজুমদার, প্রভাষক শিবু চন্দ্র দাশ, নুরুল আলম, সুমন দেবনাথ, দিদারুল আলম, মো. সেলিম, মঈনুল আলম,আবদুর রশিদ লোকমান, আবু সুফিয়ান, আবদুল্লাহ আল মামুন,এডভোকেট টিপু শীল জয়দেব,সোহেল মোহাম্মদ ফখরদদ্দীন, এম এ নেওয়াজ, এস এম হুমায়ুন কবির আজাদ, কবি আসিফ ইকবাল, সৈকত দাশ, জহির উদ্দিন,বোরহান উদ্দিন গিফারী, অমর দত্ত, ওমর ফারুক সুমন, জাহেদ আলম,মোস্তফা কামাল, আনন্দ মজুমদার, রাশেদ মাহমুদ পিয়াস, কামাল হোসেন, অশোক দেব লিটন, লিটু মল্লিক,ইরফান উদ্দিন তাসকিন, সোহেল তাজ সহ অন্যরা উপস্থিত ছিলেন। পরে মেয়র আ জ ম নাছির উদ্দীন "বিশ্ব রোল মডেল দেশরত্ন জননেত্রী শেখ হাসিনা" বই এর মোড়ক উম্মোচন করেন।

৩০ সেপ্টেম্বর ২০১৭খ্রি.

## পতেঙ্গা সমুদ্র সৈকতে প্রতিমা বিসর্জন অনুষ্ঠানে ভিডিও কনফারেন্সের মাধ্যমে বক্তব্য দিলেন মাননীয় মেয়র আ জ ম নাছির উদ্দীন

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন বলেছেন, চট্টগ্রাম সিটি কর্পোরেশন এর উন্নয়ন ও সেবায় জাতি-ধর্ম-বর্ণ-সম্প্রদায় নির্বিশেষে সকলের সার্বিক সহযোগিতা রয়েছে। এ প্রসঙ্গে তিনি বলেন, অশুভ শক্তির বিনাশ, ঐক্য ও মহামিলনের প্রতীক দূর্গোৎসব যুগ যুগ ধরে সনাতনী ধর্মীয় সম্প্রদায়ের মাঝে সৌহার্দ্য ও সম্প্রীতির সেতুবন্ধন রচনা করে যাচ্ছে। মেয়র বলেন, প্রতি বছর দূর্গোৎসবের মধ্যে দিয়ে অসৎ ও অন্যায়ের বিরুদ্ধে সত্য, সুন্দর ও ন্যায় প্রতিষ্ঠা এবং শান্তি ও কল্যানে ব্রতী হওয়ার প্রেরনা যোগায়। তিনি বলেন, চট্টগ্রামের পবিত্র ভূমিতে

সাম্প্রদায়িক সম্প্রীতি অটুট রয়েছে। মেয়র বলেন, নারী শক্তি মহামায়া দেবী দূর্গা ১০ ধরনের অস্ত্রে সজ্জিত হয়ে ৯ দিন ব্যাপি যুদ্ধ শেষে মহিষাসুরকে পরাজিত ও হত্যা করে অত্যাচারীর পতন ঘটান। মাননীয় মেয়র আলহাজ্ব আ জ ম নাছির উদ্দীন বলেন, বাংলাদেশে হাজারো অত্যাচারি অসুরের উদ্ভব হয়েছে, তারা দেশ ও জাতিকে পেছনে নিয়ে যেতে চায়। দেশের উন্নয়ন ও অগ্রগতির চাকাকে চলমান রাখতে আজ আমাদের চেতনায় চাষ করতে হবে মানবিক গুণাবলি। মেয়র বলেন, চট্টগ্রামকে সকলের জন্য বাসপোযোগী, নান্দনিক ও বিশ্বমানের মেগাসিটিতে উন্নিত করা হবে। এ লক্ষে কর্মপরিকল্পনা বাস্তবায়ন করা হচ্ছে। তিনি নগরীর ২৬৬ টি পূজা মন্ডপে শান্তি শৃংখলা রক্ষা সহ সার্বিক নিরাপত্তা বিধানে প্রশাসনের সহযোগিতার জন্য ধন্যবাদ জানান। মেয়র চট্টগ্রাম মহানগর, থানা, ওয়ার্ড ও মন্ডপ ভিত্তিক পূজা উদযাপন কমিটি, কাউন্সিলর, সমাজসেবক , সাংবাদিক সহ নানা শ্রেনী ও পেশার সকলকে সাধুবাদ জানান। ৩০ সেপ্টেম্বর ২০১৭খ্রি. শনিবার, বিকেলে নগরীর পতেঙ্গা সী বীচে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের ব্যবস্থাপনায় ও চট্টগ্রাম মহানগর পূজা উদযাপন পরিষদের সহযোগিতায় অনুষ্ঠিত প্রতিমা বিসর্জন অনুষ্ঠানে ভিডিও কনফারেন্সে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন এ সব কথা বলেন। চট্টগ্রাম মহানগর পূজা উদযাপন পরিষদের সভাপতি মুক্তিযোদ্ধা অরবিন্দ পাল অরুপ প্রতিমা বিসর্জন অনুষ্ঠানে সভাপতিত্ব করেন। অনুষ্ঠানে মেয়রের পক্ষে প্রধান অতিথি ছিলেন প্যানেল মেয়র চৌধুরী হাসান মাহমুদ হাসনী, প্রধান বক্তা ছিলেন বাংলাদেশ পূজা উদযাপন পরিষদ কেন্দ্রিয় কমিটির সাবেক বিভাগীয় সাংগঠনিক সম্পাদক এডভোকেট চন্দন তালুকদার। বিশেষ অতিথি ছিলেন কাউন্সিলর ছালেহ আহমদ চৌধুরী, সংরক্ষিত ওয়ার্ড কউন্সিলর নিলু নাগ, প্রকৌশলী বিজয় কিষান চৌধুরী, চট্টগ্রাম মহানগর পুজা উদযাপন কমিটির সাবেক সাধারন সম্পাদক লায়ন আশিষ ভট্টাচার্য, অধ্যাপক অর্পন কান্তি ব্যানার্জি,সুমন দেবনাথ, রত্নাকর দাশ টুনু, আলোচনা সভায় স্বাগত বক্তব্য রাখেন চট্টগ্রাম মহানগর পূজা উদযাপন পরিষদের সাধারণ সম্পাদক সুজিত দাশ। প্রতিমা বিসর্জন অনুষ্ঠানটি উপস্থাপনায় ছিলেন পরিষদের অর্থ সম্পাদক নিখিল কুমার নাথ। অনুষ্ঠানে অন্যদের মধ্যে বক্তব্য রাখেন চট্টগ্রাম মহানগর পূজা উদযাপন পরিষদের যুগ্ম সাধারন সম্পাদক প্রকাশ দাশ অসিত, হিল্লোল সেন উজ্জ্বল, মিথুন মল্লিক, সজল দত্ত, পতেঙ্গা থানার সভাপতি সৈকত মহাজন সাজু, সাধারণ সম্পাদক সুমন দেব, ইপিজেড থানার সভাপতি শীমুল কুমার শীল, সাধারণ সম্পাদক শ্যামল কান্তি শীল, সিবিচ ব্যবসায়ী সমিতির সভাপতি ওয়াহিদুল আলম। এছাড়াও আলোচনা করেন মহানগর পূজা উদযাপন পরিষদ ও থানা পূজা উদযাপন পরিষদের সভাপতি ও

সাধারণ সম্পাদক বৃন্দ। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের তত্বাবধায়ক প্রকৌশলী মাহফুজুল হক, প্রধান পরিচ্ছন্ন কর্মকর্তা শেখ শফিকুল মান্নান সিদ্দিকী, নির্বাহী প্রকৌশলী অসিম বড়ুয়া, ঝুলন কান্তি দাশ,উপসচিব আশেক রসুল চৌধুরী টিপু, জনসংযোগ কর্মকর্তা মো. আবদুর রহিম, সহকারী প্রকৌশলী আবুল হাশেম সহ অন্যরা। অনুষ্ঠানে মন্ডপ ভিত্তিক পুরষ্কার বিতরণ করা হয়।

৩০ সেপ্টেম্বর ২০১৭খ্রি.

আগামীকাল ০১ অক্টোবর বিকেলে মিয়ানমার থেকে আগত শরনার্থীদের
জন্য উখিয়ার কুতুপালং-এ নগদ অর্থ ও ত্রান সামগ্রী নিয়ে যাচ্ছেমাননীয়
মেয়র ও মহানগর আওয়ামীলীগের সাধারন সম্পাদক
আ জ ম নাছির উদ্দীন এর প্রেরিত টীম

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র ও চট্টগ্রাম মহানগর আওয়ামীলীগের সাধারন সম্পাদক আ জ ম নাছির উদ্দীন এর নিজ অর্থায়নে ২ হাজার রোহিঙ্গা শরনার্থীর জন্য ২ হাজার বস্তা (চাউল.আলু,সোয়াবিন তেল,পেয়াজ,মশুরী ডাল, লবন, মসল্লা, সেন্ডেল ও প্রয়োজনীয় ঔষধ সামগ্রী এবং খাবার স্যালাইন) ত্রান এবং চট্টগ্রাম সিটি কর্পোরেশনের কর্মকর্তা-কর্মচারীদের ১ দিনের বেতন বাবদ ২০ লক্ষ টাকা বিতরণের জন্য ০১ অক্টোবর ২০১৭ খ্রি. রবিবার,বিকেলে কক্সবাজার এর উখিয়ার কুতুপালং এর উদ্দেশ্যে রওনা দিবে মেয়রের টীম। এ টীমে চট্টগ্রাম মহানগর আওয়ামীলীগের উপদেষ্টা আলহাজ্ব সফর আলী, সাংগঠনিক সম্পাদক নোমান আল মাহমুদ, সাংগঠনিক সম্পাদক ও প্যানেল মেয়র চৌধুরী হাসান মাহমুদ হাসনী নেতৃত্ব দেবেন। এটীমে আরো থাকবেন চট্টগ্রাম সিটি কর্পোরশনের কাউন্সিলর, কর্মকর্তা,আওয়ামীলীগ, আওয়ামীযুবলীগ,আওয়ামীস্বেচ্ছাসেবকলীগ ও ছাত্রলীগের নেতৃবৃন্দ। মাননীয় মেয়রের অর্থায়নে প্রেরিত ত্রানের মধ্যে ৫ কেজি চাউল.৫ কেজি আলু, ১লি.সোয়াবিন তেল,১ কেজি পেয়াজ,১ কেজি মশুরী ডাল,১ কেজি লবন, ৫০০গ্রাম মসল্লা,২ জোড়া সেন্ডেল ও প্রয়োজনীয় ঔষধ সামগ্রী এবং খাবার স্যালাইন রয়েছে।

সংবাদদাতা

মো. আবদুর রহিম
জনসংযোগ কর্মকর্তা